

শিক্ষার্থী লিঙ্গ পরিচয় সংক্রান্ত ফর্ম

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক,

যখন আপনি আপনার শিক্ষার্থীকে একটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) স্কুলে তালিকাভুক্ত বা এনরোল করবেন, তখন আমরা আপনার শিক্ষার্থীর লিঙ্গ সম্পর্কে তথ্য সংগ্রহে আইনত বাধ্য। আপনার শিক্ষার্থীর লিঙ্গ সর্বোত্তম ভাবে বর্ণনা করে তা বেছে নেয়ার জন্য অনুগ্রহ করে এই ফর্মটি পূরণ করুন। আমরা বুঝি যে আমরা যেসব অপশন প্রদান করছি সেগুলো আপনার শিক্ষার্থীর লিঙ্গ হয়তো পুরোপুরি প্রতিনিধিত্ব নাও করতে পারে। আপনি যে অপশনটি বেছে নেবেন আমরা সেটা আমাদের স্টুডেন্ট ইনফর্মেশন সিস্টেম-এ (শিক্ষার্থী তথ্য সংরক্ষণ পদ্ধতি) লিপিবদ্ধ করবো। যদি আপনার শিক্ষার্থী আইনী নথিপত্রে যে নাম আবির্ভূত হচ্ছে সেটা থেকে ভিন্ন প্রথম এবং/অথবা শেষ নাম ব্যবহার করে, সেক্ষেত্রে আপনি এই ফর্ম ব্যবহার করে বেছে নেয়া নামটিও প্রদান করতে পারেন। আপনার শিক্ষার্থী স্কুলে যে নাম ও সর্বনাম প্রতিষ্ঠা করবে স্কুল কমিউনিটি তাকে সেই নামেই ডাকবে।

DOE শিক্ষার্থী- এবং স্কুল-মুখী স্থায়ী রেকর্ডে লিঙ্গ অন্তর্ভুক্ত করে না। আপনি চাইলে সীমিত স্থানে যেখানে লিঙ্গ রেকর্ড করা শুধু সেগুলো হালনাগাদ করতে পারেন, আপনার স্কুলে যেকোনো সময় একটি স্বাক্ষরকৃত নাম এবং লিঙ্গ পরিবর্তনের অনুরোধ ফর্ম জমা দেয়ার মাধ্যমে। এছাড়াও আপনি যদি প্রদান করতে চান, তবে আপনি এই ফর্মটি ব্যবহার করে আপনার শিক্ষার্থীর বেছে নেয়া নাম পরিবর্তনও বেছে নিতে পারেন। যেসব শিক্ষার্থী স্বনির্ভর কিশোর-কিশোরী অথবা 18 বছর কিংবা এরচেয়ে অধিক বয়সী তারা এসব পরিবর্তন অনুরোধ করতে এই ফর্মটি স্বাক্ষর করে জমা দেয়া উচিত।

যদি আপনার শিক্ষার্থী তাদের আইনী নাম একটি আদালতের আদেশের মাধ্যমে পরিবর্তন করে থাকে, জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট) অথবা সরকারি আইডি (ID) সংশোধন করে থাকে, তবে তাদের স্থায়ী রেকর্ডে তাদের আইনী নাম হালনাগাদ করতে ঐ নথিপত্র জমা দিন।

DOE স্কুলসমূহ সকল লিঙ্গ পরিচয়ের শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ ও সহায়ক শিক্ষা পরিবেশ বজায় রাখে। ট্রান্সজেন্ডার এবং বিবিধ লৈঙ্গিক পরিচিতির অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের সহায়তা জন্য বাড়তি তথ্যের জন্য schools.nyc.gov/lgbt দেখুন।

শিক্ষার্থীর আইনগত প্রথম নাম: _____

শিক্ষার্থীর আইনগত শেষ নাম: _____

শিক্ষার্থীর জন্মতারিখ (মাস/দিন/বৎসর): _____

লিঙ্গ পরিচয়

আপনার শিক্ষার্থীর লিঙ্গ সর্বোত্তম ভাবে বর্ণনা করে তা বেছে নিন। আপনি যে অপশনটি বেছে নেবেন তা আপনার শিক্ষার্থীর জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট) অথবা অন্য কোনও নথিপত্রের সাথে মিলতে হবে না। শুধুমাত্র একটি অপশন বেছে নিন:

- F - নারী:** আমার শিক্ষার্থী নারী হিসেবে পরিচয় দেয়
- M - পুরুষ:** আমার শিক্ষার্থী পুরুষ হিসেবে পরিচয় দেয়
- X - নারী অথবা পুরুষ কোনোটিই নয়:** আমার শিক্ষার্থী নারী অথবা পুরুষ হিসেবে পরিচয় দেয় না (উদাহরণস্বরূপ, নন-বাইনারি বা প্রথাগত লিঙ্গ-পরিচয়হীন, বিবিধ লৈঙ্গিক পরিচিতির অন্তর্ভুক্ত, অথবা পরিবর্তনশীল লৈঙ্গিক পরিচয়)

অনুগ্রহ করে এই ফর্মের অন্য পৃষ্ঠা দেখুন।

ঐচ্ছিক: বেছে নেয়া নাম দ্বারা পরিচয়

যদি আপনার শিক্ষার্থী একটি নাম বেছে নেয় (আইনী নথিপত্রে যে নাম আবির্ভূত হয় সেটা থেকে ভিন্ন প্রথম এবং/অথবা শেষ নাম), তবে আপনি এই নামটি রিপোর্ট কার্ড, ট্রান্সক্রিপ্ট, উপস্থিতির নাম-তালিকা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্রে এই নাম প্রদর্শন বেছে নিতে পারেন। আপনি যদি চান যে আপনার শিক্ষার্থীর জন্য আমাদের স্টুডেন্ট ইনফর্মেশন সিস্টেমে (শিক্ষার্থী তথ্য সংরক্ষণ পদ্ধতি) বেছে নেয়া নামটি অন্তর্ভুক্ত করা হোক, তবে অনুগ্রহ করে নিচে তাদের বেছে নেয়া নাম প্রদান করুন। আমরা আপনার শিক্ষার্থীর আইনী প্রথম ও শেষ নাম রেফারেন্স হিসেবে আমাদের সিস্টেমে সংরক্ষণ করবো।

আমার শিক্ষার্থীর বেছে নেয়া প্রথম নাম: _____

আমার শিক্ষার্থীর বেছে নেয়া শেষ নাম: _____

নিচে স্বাক্ষর করার মাধ্যমে, আপনি বুঝছেন যে:

- আমাদের স্টুডেন্ট ইনফর্মেশন সিস্টেমে (শিক্ষার্থী তথ্য সংরক্ষণ পদ্ধতি) বেছে নেয়া নাম এবং/অথবা লিঙ্গ হালনাগাদ করা আইনগত পরিবর্তন নয়।
- কোনও শিক্ষার্থীর স্থায়ী রেকর্ড DOE-এর বাহিরে পরিষেবা (সার্ভিস) এবং সহায়তা (বেনিফিট) পেতে ব্যবহার করা যেতে পারে, যেমন নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন (HRA) থেকে যেগুলো দেয়া হয় এবং বিনামূল্যে ফেডারেল স্টুডেন্ট এইড (FAFSA) আবেদন। এসব বেনিফিট এবং সার্ভিসের জন্য শিক্ষার্থীর আইনী নাম আবশ্যিক হতে পারে। যেসব স্কুল রেকর্ডে শিক্ষার্থীর আইনী নামের পরিবর্তে অন্য নাম থাকে সেগুলো বিলম্ব বা সমস্যা সৃষ্টি করতে পারে। আপনার শিক্ষার্থীর নাম তার রেকর্ডে কীভাবে আবির্ভূত হবে তা ব্যাখ্যা করতে সহায়তা পেতে আপনি আপনার স্কুল থেকে একটি চিঠি সংগ্রহ করতে পারেন।
- আপনি যদি আপনার শিক্ষার্থীর বেছে নেয়া নাম এবং/অথবা লিঙ্গ ভবিষ্যতে পরিবর্তন করতে চান, তবে গোপনীয়তা বজায় রাখার পাশাপাশি রেকর্ডসমূহের প্রাসঙ্গিক তথ্য-যাচাইয়ের জন্য শিক্ষার্থীর আইনগত নাম এবং/অথবা পূর্বে নির্ধারিত লিঙ্গ বিষয়ক তথ্য সংরক্ষণ করা হবে।

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

পিতামাতা বা অভিভাবকের নাম: _____

পিতামাতা বা অভিভাবকের স্বাক্ষর: _____

তারিখ: _____

School or Family Welcome Center Use Only

Date entered into ATS: _____